গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯,কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

**নিবন্ধন সংখ্যাঃ-আরএমজি/ইএক্সপি ০০০৬০১-১৯**
**তারিখঃ ১৩/০১/২০১৯ খ্রি:**

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.৪৫৬.১৮- ৯২

তারিখঃ ১৩/০১/২০১৯ খ্রিষ্টাব্দ।

বরাবর

ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স ইমান নিটওয়ার লিমিটেড।
অফিসঃ বাড়ি নং-০৮, (লেভেল-৭), গরীবে নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা-১২৩০।
কারখানাঃ উত্তর চারাবাগ, বঙ্গবন্ধু রোড, আশুলিয়া, সাভার, ঢাকা-১২৩০।

বিষয়ঃ মেসার্স ইমান নীটওয়্যার লিমিটেড এর অনুকূলে প্রস্তাবিত নিবন্ধন প্রদান।

প্রিয় মহোদয়

আপনার ০৯/১২/২০১৮ ইং তারিখের আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে আপনার বস্ত্র শিল্প কারখানাটি বস্ত্র অধিদপ্তরে নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে নিবন্ধিত হলো:

| | |
|---|---|
| ১। | শিল্প কারখানার নামঃ- মেসার্স ইমান নিটওয়ার লিমিটেড। |
| ২। | ঠিকানাঃ- |
| | (ক) অফিসঃ বাড়ি নং-০৮, (লেভেল-৭), গরীবে নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা-১২৩০। |
| | (খ) কারখানাঃ উত্তর চারাবাগ, বঙ্গবন্ধু রোড, আশুলিয়া, সাভার, ঢাকা-১২৩০। |
| ৩। | উদ্যোক্তাগণের নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তাঃ |

| ক্রঃ নং | নাম | পদবী | বর্তমান ঠিকানা | জাতীয়তা |
|---|---|---|---|---|
| ০১ | জনাব শাকিল রহমান | চেয়ারম্যান | হাউজ নং-৩৪, রোড নং-১৯, সেক্টর-১১, উত্তরা, ঢাকা-১২৩০ | বাংলাদেশী |
| ০২ | জনাব মোঃ মামুনুর রশীদ | ব্যবস্থাপনা পরিচালক | হাউজ নং-৭৬, রোড নং-১৮, সেক্টর-১১, উত্তরা, ঢাকা-১২৩০ | বাংলাদেশী |

| | |
|---|---|
| ৪। | বিনিয়োগের ধরন: স্থানীয় বিনিয়োগ |
| ৫। | শিল্পের ধরন (উপ-খাত) : তৈরী পোশাক (নীট)। |
| ৬। | প্রস্তাব অনুযায়ী বানিজ্যিক উৎপাদন শুরুর তারিখ : ০১/০২/২০১৯ খ্রিষ্টাব্দ। |
| ৭। | বিনিয়োগ : |

বিবরণ

| (ক) স্থানীয় সম্পদ | স্থানীয় মুদ্রায় (মিলিয়ন টাকা) | বৈদেশিক মুদ্রায় (মিলিয়ন টাকা) | মোট মূল্য (মিলিয়ন টাকা) |
|---|---|---|---|
| (১) জমি | ভাড়াকৃত | - | ভাড়াকৃত |
| (২) কারখানা ভবন/শেড | ভাড়াকৃত | - | ভাড়াকৃত |
| (৩) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | - | ৮.৫০০ | ৮.৫০০ |
| (৪) অন্যান্য | ০.৫০০ | - | ০.৫০০ |
| (খ) চলতি মূলধন | ১.০০০ | - | ১.০০০ |
| সর্বমোট (মিলিয়ন টাকায়)= | ১.৫০০ | ৮.৫০০ | ১০.০০০ |

১৩/০১/১৯

রাজু আহমেদ
সহকারী পরিচালক (কারিগরি)
বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চলমান পাতা/

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮। | অর্থায়নের উৎস : | | | | | |
| | উৎস | স্থানীয় মুদ্রায় (মিলিয়ন টাকা) | | বৈদেশিক মুদ্রায় (মিলিয়ন টাকা) | | মোট (মিলিয়ন টাকা) |
| | (ক) সম-মূলধন (ইকুইটি) | ১০.০০০ | | - | | ১০.০০০ |
| | (খ) স্থানীয় ঋণ | - | | - | | - |
| | (গ) বৈদেশিক ঋণ | - | | - | | - |
| | সর্বমোট (মিলিয়ন টাকায়)= | ১০.০০০ | | - | | ১০.০০০ |
| ৯। | যন্ত্রপাতির তালিকা : | | | | | |
| | যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | | মিলিয়ন টাকা | | মোট মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থানীয়ভাবে সংগৃহীত/সংগৃহীতব্য | - | | - | | - |
| | (খ) আমদানীকৃত/আমদানীতব্য | ৭৮ সেট | | ৮.৫০০ | | ৮.৫০০ |
| | সর্বমোট = | ৭৮ সেট | | ৮.৫০০ | | ৮.৫০০ |
| ১০। | বার্ষিক উৎপাদন ক্ষমতা (আনুমানিক) | পরিমান | | | | মোট মূল্য (আনুমানিক) |
| | সকল ধরনের নীট আইটেম | ১৬,০০০ ডজন | | - | | ৬.০০০ মিঃ টাঃ |
| ১১। | জনবল:- | স্থানীয় | | বিদেশী | | মোট |
| | | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | |
| | (ক) ব্যবস্থাপনা | ০২ জন | - | | | ০২ জন |
| | (খ) কর্মচারী/শ্রমিক | ৩৫০ জন | - | | | ৩৫০ জন |
| | মোট= | ৩৫২ জন | - | | | ৩৫২ জন |
| ১২। | বিপণনঃ | স্থানীয় ০০% | | | | রপ্তানি ১০০% |

**উদ্যোক্তা/উদ্যোক্তাগণের জন্য কতিপয় জ্ঞাতব্য বিষয়ঃ**

(ক) প্রয়োজনীয় সেবা/সুবিধাদির ব্যাপারে উদ্যোক্তা/উদ্যোক্তাগণ বস্ত্র অধিদপ্তরের সহিত যোগাযোগ করতে পারেন।

(খ) সরকারের শিল্প ও অর্থনৈতিক নীতিমালার আওতায় এবং জাতীয় রাজস্ব বোর্ড ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/সংস্থা কর্তৃক সময় সময় জারীকৃত বিজ্ঞপ্তির আওতায় শিল্প কারখানা সমূহ বিবিধ শুল্ক/কর সুবিধাদি পেতে পারে। এতদসংক্রান্তনীতি ও বিজ্ঞপ্তির কপি সংগ্রহ করতে হবে।

(গ) শিল্প কারখানার স্থান/অবস্থান চুড়ান্তভাবে নির্ধারণের পূর্বে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য উদ্যোক্তা/উদ্যোক্তাগণ পরিবেশ অধিদপ্তরের সহিত যোগাযোগ করবেন।

(ঘ) নিম্নবর্ণিত শর্তসমূহের যে কোন এক বা একাধিক শর্ত পালনে ব্যর্থ হলে শিল্প কারখানার নিবন্ধন বস্ত্র অধিদপ্তর বাতিল করতে পারবে।

শর্তাবলী:

১. শিল্প কারখানার মালিকানা অথবা কারখানা অবস্থানের পরিবর্তন তাৎক্ষনিকভাবে বস্ত্র অধিদপ্তর-কে অবহিত করতে হবে।

২. বাধ্যতামূলক সার্টিফিকেশন মার্কস-এর আওতাভুক্ত শিল্প পণ্য বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) কর্তৃক নির্ধারিত/প্রণীত মানসম্পন্ন হতে হবে এবং বাজারজাত করার পূর্বে বিএসটিআই এর ছাড়পত্র গ্রহণ করতে হবে।

৩. শিল্প প্রকল্প স্থাপনের পূর্বে বিদ্যমান পরিবেশ আইনের আওতায় নির্দেশনা সমূহ প্রতিপালন করতে হবে।

৪. সরকারের বিদ্যমান আমদানী নীতির আওতায় মূলধনী যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ এবং কাঁচামাল/মোড়ক সামগ্রী আমদানী করতে হবে।

৫. শিল্প কারখানার উৎপাদনে যাওয়ার পূর্ব পর্যন্ত প্রতি বছর জানুয়ারী মাসে মহা-পরিচালক, বস্ত্র অধিদপ্তর এর নিকট সংযুক্ত ছক মোতাবেক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে।

৬. বাংলাদেশ শ্রম আইন-২০০৬ প্রতিপালন করতে হবে।

৭. কোন অবস্থাতেই শিশু শ্রমিক নিয়োগ দেয়া যাবে না।

৮. সরকার কর্তৃক নির্ধারিত মজুরী কমিশনের সুপারিশ অনুযায়ী এবং নুন্যতম মজুরী নীতিমালা মেনে চলতে হবে।

৯. কারখানা ভবনে একাধিক সিঁড়ির ব্যবস্থা থাকতে হবে।

রাজু আহমেদ
সহকারী পরিচালক (কারিগরি)
বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চলমান পাতা/৩

১০. শিল্প প্রতিষ্ঠানের কোনরূপ বর্জ্য পদার্থ পরিশোধন না করে নিকটস্থ কোন নদী, সংযোগ খাল বা সাধারণ জলাশয়ে নির্গত করা যাবেনা।
১১. এই রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বিধিভুক্ত কোন দায় থেকে মুক্তি প্রদান করবে না। কোন শর্ত ভঙ্গ বা কোন বিধি প্রতিপালন না করার ফলে কোন দুর্ঘটনা ঘটলে সে বিষয়ে কারখানা কর্তৃপক্ষ দায়ী থাকবেন ।
১২. কারখানা ভবনের উপযুক্ততার সনদ এবং কারখানার লে-আউট প্ল্যান যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
১৩. অগ্নি নির্বাপক সরঞ্জামাদী যথাযথ স্থানে কার্যকরী অবস্থায় থাকতে হবে এবং ফায়ার লাইসেন্স হালনাগাদ করতে হবে।
১৪. রপ্তানিমুখী শিল্পের ক্ষেত্রে উৎপাদিত পণ্য নিবন্ধন পত্রের বিপনন অনুচ্ছেদে উল্লেখিত হারে ১০০% রপ্তানি করতে হবে।
১৫. অত্র অধিদপ্তরের যে কোন কর্মকর্তা ও পরিদর্শক কারখানা চলাকালীন যে কোন সময়ে কারখানা পরিদর্শন করতে পারবেন।
১৬. বস্ত্র অধিদপ্তরের সুপারিশ এর ভিত্তিতে প্রাপ্ত সরকারী সুযোগ সুবিধাদি বস্ত্র অধিদপ্তর-কে অবহিত করতে হবে।
১৭. সম্ভাব্য দূর্ঘটনারোধকল্পে দেশের প্রচলিত আইন অনুসারে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৮. ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের উপর চাপ কমানোর লক্ষ্যে বৃষ্টির পানি ধরে রাখার ব্যবস্থা করতে হবে।
১৯. প্রস্তাবিত প্রকল্পের জমি সংগ্রহের বিষয়ে বস্ত্র অধিদপ্তর কোন প্রকার সংশ্লিষ্টতা থাকবে না।
২০. প্রতিষ্ঠান গুলিতে ডে-কেয়ার সুবিধা, মাতৃত্বকালীন সময়ে ছুটির সুবিধা, স্বল্প আয়ের মহিলা কর্মচারীদের জন্য প্রতিষ্ঠানের কাছাকাছি স্বল্প ব্যয়ে নিরাপদ আবাসন সুবিধা প্রদান এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরে মহিলা কর্মীদের সমমর্যাদা প্রতিষ্ঠার জন্য মজুরী ও অন্যান্য ভাতা প্রদান, সমতা বিধান, স্বল্প খরচে খাবারের ক্যান্টিন সুবিধা, পুরুষ ও মহিলা কর্মীদের মাঝে কাজের শান্তিপূর্ণ সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কার্যকর আচরণ বিধি প্রণয়ন করতে হবে।
২১. সরকারী কাজে জরিপসহ যে কোন পরিদর্শন বা তথ্য সংগ্রহকালে পূর্ণ সহযোগীতা প্রদান করতে হবে।
২২. বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের জন্য ইন্টার্নশীপ প্রশিক্ষনের ব্যবস্থা রাখতে হবে।

উপরোক্ত শর্তাবলীর যে কোনটি অথবা তার অংশ বিশেষ লংঘিত হলে বস্ত্র অধিদপ্তর এই নিবন্ধনের শর্ত পরিবর্তনের অথবা নিবন্ধন বাতিলের অধিকার সংরক্ষণ করে। বস্ত্র অধিদপ্তরসহ যে কোন যোগাযোগের ক্ষেত্রে এই নিবন্ধন পত্রে উল্লেখিত 'নিবন্ধন সংখ্যা' উল্লেখ করতে হবে।

(মোঃ সাইফুর রহমান)
উপ-পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা (অঃ দাঃ)
ddexport@dot.gov.bd
ফোনঃ ৯১১৪২০৯

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.৪৫৬.১৮- ৯২

তারিখঃ ১৩/০১/২০১৯ খ্রিষ্টাব্দ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, বা/এ, ঢাকা।
০২। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
০৩। কমিশনার, কাষ্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
০৪। লাইব্রেরীয়ান, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

(রাজু আহমেদ)
সহকারী পরিচালক(কারিগরি)
রপ্তানি শাখা
adimport@dot.gov.bd
ফোন-৯১১৩৪১৫